



বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল

বিজ্ঞান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়)

বিসিসি ভবন, পল্টন নং-ই-১৪/এক্স, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

ফোনঃ ৮১৪৪০৪৬, ফ্যাক্সঃ ৯১২৪৬২৬, ই-মেইলঃ bcc@bcc.net.bd, ওয়েবঃ www.bcc.net.bd

তারিখঃ ১১.০৮.২০১০

প্রেস বিজ্ঞপ্তি



কম্পিউটারে দক্ষতা অর্জনে আগ্রহী জনবলের জন্য দেশে এবং বিদেশে সমানভাবে স্বীকৃত কম্পিউটার জ্ঞান উন্নয়নের লক্ষ্যে আন্তর্জাতিকভাবে স্বীকৃত CISCO IT Essentials প্রোগ্রাম বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি) পরিচালনা করার উদ্যোগ গ্রহণ করেছে। এ উদ্দেশ্যে বাংলাদেশে CISCO-এর Local Academy হিসেবে কার্যক্রম পরিচালনার জন্য বিসিসি এবং আমেরিকান ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি বাংলাদেশ (AIUB)-এর সাথে ১১ আগস্ট ২০১০ তারিখ একটি চুক্তি স্বাক্ষর করেছে। এ উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে বিজ্ঞান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী স্থপতি ইয়াফেস ওসমান প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। বিসিসি'র পক্ষে কার্যনির্বাহী পরিচালক জনাব মোঃ মাহফুজুর রহমান এবং AIUB-এর পক্ষে ভাইস চ্যান্সেলর Dr. Carmen Z. Lamagna এ চুক্তিতে স্বাক্ষর করেন। এ চুক্তির ফলশ্রুতিতে বিসিসি এখন হতে বিসিসি'র ঢাকা কেন্দ্রসহ ছয়টি বিভাগীয় কেন্দ্রের মাধ্যমে CISCO IT Essentials প্রোগ্রাম পরিচালনা করবে, যা ঢাকার বাহিরে অবস্থানরত শিক্ষার্থীদের আন্তর্জাতিক মানের দক্ষতা অর্জনের পথ সুগম করবে।